দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL 13 19[illegible]
পৃঃ ২ কলাম ৭

# অনার্স কোর্সে রেজিস্ট্রেশন ॥ বগুড়া আযিযুল হক ভার্সিটি কলেজে ভাংচুর

**বগুড়া, ১২ জুলাই (নিজস্ব সংবাদদাতা)** ॥ অনার্স কোর্সের রেজিস্ট্রেশন নিয়ে সোমবার বগুড়া আযিযুল হক বিশ্ববিদ্যালয় কলেজে ব্যাপক ভাংচুর হয়েছে। গত বছরে কলেজের অনার্স কোর্সের বিভিন্ন বিভাগে কোটার অতিরিক্ত ভর্তি ছাত্রছাত্রীদের জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে রেজিস্ট্রেশন না আসায় এই ভাংচুর ও বিক্ষোভ সমাবেশ হয়। জানা যায়, গত শিক্ষাবর্ষে অনার্স কোর্সে ভর্তি হয়েও জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে রেজিস্ট্রেশন পায়নি প্রায় ৪৩০ ছাত্রছাত্রী। সাধারণ ছাত্র ও ছাত্র নেতৃবৃন্দের দাবি, কলেজের অধ্যক্ষের অনীহার কারণে এই রেজিস্ট্রেশন এখন পর্যন্ত হয়নি এবং এর ফলে ঐ সব ছাত্রছাত্রীর ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে। বিক্ষুব্ধ ছাত্ররা সোমবার দুপুরে কলেজের প্রশাসনিক ভবন এবং সায়েন্স বিল্ডিংয়ের জানালা-দরজা ভাংচুর করে। পরবর্তীতে তারা অধ্যক্ষের বাসভবন ঘেরাও ও বিক্ষোভ সমাবেশ করে। ছাত্ররা কলেজ চত্বরে টায়ার এনে আগুন ধরিয়ে দেয়।